**বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ**
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও ঢাকা-১২০৭।
www.bhtpa.gov.bd

স্মারক নং-৫৬.০২.০০০০.০০৮.০৩৩.৫৫.১৭-৬৪৮ তারিখঃ০৩/০৫/২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর স্থাপন শীর্ষক কর্মসূচির আওতাধীন স্পেস বরাদ্দ প্রসঙ্গে**

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর স্থাপন শীর্ষক কর্মসূচির আওতায় ২য় তলা নতুন ভবনে প্রাতিষ্ঠানিক উদ্যোক্তাদের জন্য ১০ টি ইনকিউবেশন সেল বরাদ্দ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগ্রহী ফ্রিল্যান্সার/আইটি কোম্পানী সমূহকে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আবেদন ফরমটি বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েব সাইটে (www.bhtpa.gov.bd) এবং শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর এ পাওয়া যাবে। স্পেস বরাদ্দ সংক্রান্ত তথ্যাদির জন্য উপ-কর্মসূচি পরিচালক, শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর স্থাপন শীর্ষক কর্মসূচি, (মোবাইলঃ ০১৮৩৯৬৭৯০৯০) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

(এস. এম. আল- মামুন)
রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (তথ্য প্রযুক্তি)
মোবাইলঃ ০১৮৩৯৬৭৯০৯০

**Bangladeshi Hi-Tech Park Authority**
Information & Communication Technology Division
Ministry of Posts, Telecommunications and Information Technology
ICT Tower, Agargon, Dhaka-1207
www.bhtpa.gov.bd

## Form for Space allocation of Sheikh Kamal IT Training & Incubation Center, Natore

To,
Managing Director
Bangladeshi Hi-Tech Park Authority
Information & Communication Technology Division
9th floor, ICT Tower, Agargaon, Dhaka.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 1. | Name of the applicant organization | | | | |
| 2. | Address Of Head Office | | | | |
| | | Office Tel: | E-mail: | | |
| | | Mobile: | Website: | | |
| 3. | Name of Owner and NID No. | | | | |
| 4. | Trade License (Mandatory) | | | | |
| 5. | VAT Registration No. (if any) | | | | |
| 6. | TIN Registration No. (if any) | | | | |
| 7. | Nature of the Proposed Business (if required use separate sheet) | | | | |
| 8. | Number of Existing employees | (a) IT Professional: | (b) Supporting Staff: | | |
| 9. | Proposed Business Plan for next 2 years (use separate sheet) | | | | |
| 10. | Planned Employment for next 2 years | (a) IT Professional: | (b) Supporting Staff: | | |
| 11. | Space Required (Number & sft) | Incubation Cell,<br>Number: sft: | | | |
| 12. | Bank Statement of the Organization (last year)/Bank Solvency Certificate | | | | |
| 13. | Employee salary statement (if any) | | | | |
| 14. | Audited Reports (up to date) (if any) | | | | |
| 15. | Trade Body Membership No. (if any) | Name of Organization | | | |
| | | No. | | | |

N.B: All documents should be submitted

Attached: Terms and Conditions

Application will be submitted in favour of Managing Director, Bangladeshi Hi-Tech Park Authority, 9th floor, ICT Tower, Agargaon, Dhaka on or before 31 May, 2018. The authority reserves the right to accept or reject any or all applications or annul the process at any time. For more clarification or query may contact to Cell: 01839679090, e-mail: mamun@bhtpa.gov.bd

(S.M. Al-Mamun)
Maintenance Engineer (IT)
Bangladeshi Hi-Tech Park Authority

# ইনকিউবেশন সেলের সুবিধা ও শর্তাবলীঃ

## ১। ইনকিউবেশন সেলের সুবিধা:

(ক) নির্মিত স্পেস প্রদান।
(খ) নির্ধারিত ফার্নিচার (চেয়ার, টেবিল), এসি, ইন্টারকম সুবিধা প্রদান।

## ২। ইনকিউবেশন সেলের শর্তাবলীঃ

(ক) ইকিউবেশন সেলগুলো সর্বোচ্চ ২ বছরের জন্য বরাদ্দ প্রদান করা হবে এবং ২ বছর পরে কোন আবেদন নবায়ন করা হবেনা।
(খ) একটি প্রতিষ্ঠান কেবল মাত্র একটি ইনকিউবেশন সেল/রুম এর জন্য আবেদন করতে পারবেন। বড় সাইজের রুমের জন্য একাধিক প্রতিষ্ঠান একত্রে আবেদন করতে পারবে বা পরবর্তীতে প্রতিষ্ঠানসমূহ JV করতে পারবে।

(গ) ইনকিউবেশন স্পেস ভাড়ার হার প্রতি মাসে ৫ টাকা (প্রতি বর্গফুট) এবং পানি, কমন স্পেস পরিস্কার পরিছন্নতা বাবদ সার্ভিস চার্জ প্রতি মাসে ৫ টাকা (প্রতি বর্গফুট) প্রদান করতে হবে।

(ঘ) লটারীর মাধ্যমে সেল/রুম বরাদ্দ প্রদান করা হবে। সেক্ষেত্রে আবেদনের সময় সেল/রুম নির্ধারণ করার কোন প্রয়োজন নেই।

(ঙ) বরাদ্দ আদেশের অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বরাদ্দকৃত স্থানে ব্যবসায়িক কার্যক্রম শুরু করতে হবে।

(চ) ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠানকে ৩ (তিন) মাসের সমপরিমাণ অর্থ জামানত হিসেবে কর্তৃপক্ষ বরাবরে অগ্রিম জমা প্রদান করতে হবে।

(ছ) প্রতিমাসের ভাড়া চলতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। ৩ মাস বা তদুর্ধ্ব সময়ের জন্য ভাড়া বকেয়া থাকলে এ বরাদ্দ আদেশ বাতিলের কার্যক্রম গ্রহণ করা হবে।

(জ) ভাড়ার মেয়াদকাল চুক্তিপত্রের তারিখ থেকে কার্যকর হবে।

(ঝ) বিদ্যুৎ, জেনারেটর, ইন্টারনেট চার্জ/ফি/বিল ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠান বহন করবে। উক্ত প্রতিষ্ঠানকে প্রতিমাসে নিয়মিত ইউটিলিটি চার্জ/ফি/বিল যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রদান করতে হবে।

(ঞ) বরাদ্দ প্রতিষ্ঠানের বাবসায়িক কার্যক্রম সন্তোষজনক না হলে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বরাদ্দ আদেশ বাতিল করতে পারবে।

(ট) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠানকে ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে চুক্তির অবসান ঘটাতে পারবে। এ ক্ষেত্রে ভবন ত্যাগ করার পূর্বে সকল প্রকার বকেয়াসহ হালনাগাদ ভাড়া/চার্জ/ফি/ইউটিলিটি বিল ইত্যাদি পরিশোধ করতে হবে। এছাড়া ফার্নিচার (চেয়ার, টেবিল), এসি, সহ প্রদানকৃত অন্যান্য যন্ত্রাংশ সচল অবস্থায় হস্তান্তর করতে হবে।

(ঠ) বৈদুতিক বিল ও ইন্টারনেট বিল বরাদ্দগ্রহণকারী প্রতিষ্ঠান যথাযথ নিয়মানুযায়ী প্রদান করবে।

(ড) কর্তৃপক্ষ হতে গ্রহণকৃত এসি ও ফার্নিচারসহ অন্যান্য সকল মালামাল/যন্ত্রাংশ নিজ দায়িত্বে মেরামত ও সংরক্ষণ করতে হবে।

(ঢ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ইনকিউবেশন সেন্টার/পার্কের সার্বিক নিরাপত্তা ও পরিচ্ছন্নতার বিষয় নিশ্চিত করবে। অন্যদিকে ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠান সেল/রুমের অভ্যন্তরীণ নিরাপত্তা ও পরিচ্ছন্নতার বিষয় নিশ্চিত করবে।

(ণ) ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠানকে জাতীয় ও স্থানীয় কর্তৃপক্ষের বিধিবিধান মেনে চলতে হবে এবং জাতীয়, জনস্বার্থ বিরোধী বা পার্কের সার্বিক স্বার্থ বিরোধী কাজের জন্য বরাদ্দ আদেশ কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।

(ত) বরাদ্দকৃত প্রতিষ্ঠান ফ্রিল্যানন্সার/আইটি/আইটিইএস/আইটি কনসালটেন্সি কার্যক্রম ব্যতীত অন্য কোন ব্যবসায়িক কার্যক্রম গ্রহণ/পরিচালনা করতে পারবে না।

(থ) শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর এর ক্যান্টিন ভবনসহ অন্যান্য স্থাপনায় কোন ক্ষতি সাধন করা যাবে না।

(দ) শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার সম্পূর্ণ ধুমপানমুক্ত রাখতে হবে এবং নিষিদ্ধ নেশা জাতীয় কোন খাবার গ্রহণ করা যাবে না।

(ধ) শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর এর ভিতরে যত্রতত্র ময়লা-আবর্জনা না ফেলে নিদিষ্ট স্থানে ফেলতে হবে।

(ন) উক্ত বরাদ্দ অন্য কোন তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর করা যাবে না।